

নং-৩৯.০০.০০০০.০১২.০০২.০৫.১৮-৮২

তারিখ: ১০ আষাঢ়, ১৪২৫  
২৪ জুন, ২০১৮

**বিজ্ঞপ্তি**

বিষয়: ২০১৮-২০১৯ অর্থ বছরে বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহে অনুদান প্রদানের জন্য অন-লাইনে আবেদন আহ্বান।

২০১৮-২০১৯ অর্থ বছরে বিজ্ঞানভিত্তিক কার্যক্রমে আর্থিক অনুদান প্রদানের উদ্দেশ্যে দেশের বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে অন-লাইনে([fellowship.most.gov.bd](http://fellowship.most.gov.bd))লিংকে নির্ধারিত ফরমে (i) গঠনতন্ত্র (ii) নিবন্ধন (iii) সেমিনার/সম্মেলন/সিম্পোজিয়াম/ কর্মশালার রিপোর্ট (iv) গবেষণা জার্নাল (v) অডিট রিপোর্ট এবং (vi) ব্যাংক সার্টিফিকেটসহ আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্রে অনুদানের জন্য সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত প্রস্তাব করা যাবে।

২। ‘বিজ্ঞানসেবী সংস্থা ও বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন/প্রতিষ্ঠান’ বলতে বাংলাদেশের ভৌগোলিক সীমানায় অবস্থিত বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কার্যাবলী পরিচালনা/উন্নয়নমূলক কাজ সম্পাদনকারী কিংবা বিজ্ঞান বিষয়ক জার্নাল প্রকাশনা এবং সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী আয়োজনকারী বিশ্ববিদ্যালয়/বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন এবং বিজ্ঞানসেবী সংস্থা/প্রতিষ্ঠান/সংগঠন-কে বুঝাবে। এ ব্যাপারে পাবলিক বিশ্ববিদ্যালয়কে অগ্রাধিকার দেয়া হবে।

৩। **আবেদনের ক্ষেত্রে যেসকল শর্ত পালন করতে হবে:**

- বিজ্ঞানভিত্তিক পেশাজীবী সংগঠন ব্যতীত অন্যান্য সংগঠনের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের সমাজসেবা অধিদপ্তর/বিধিবদ্ধ সংস্থার রেজিস্ট্রেশন অথবা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদন থাকতে হবে;
- বিজ্ঞানসেবী সংস্থা/প্রতিষ্ঠানের নিজস্ব কার্যালয় থাকতে হবে;
- প্রত্যেক সংস্থা/প্রতিষ্ঠানকে প্রতি অর্থ বছরে নিয়মিত প্রকাশনা, সম্মেলন, সিম্পোজিয়াম, কর্মশালা বা প্রদর্শনীর আয়োজন সম্পর্কে তথ্যাদি পেশ করতে হবে;
- সংস্থা/প্রতিষ্ঠানের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে এবং গঠনতন্ত্র অনুযায়ী সংস্থা/প্রতিষ্ঠানের নিয়মিত সভা অনুষ্ঠানের প্রমাণাদি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে;
- সংস্থা/প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে এবং অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনসহ বাৎসরিক আয়-ব্যয়ের বিবরণী দাখিল করতে হবে;
- সংস্থা/প্রতিষ্ঠানের বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকে একটি হিসাব থাকতে হবে এবং বিগত এক বছরের গচ্ছিত অর্থের ব্যাংক সার্টিফিকেট দাখিলের নিশ্চয়তা প্রদানসহ এ মর্মে একটি সনদপত্র/ অঙ্গীকারনামা আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে;
- আবেদনকারী সংস্থা/প্রতিষ্ঠানের হিসাব কোন স্বীকৃত অডিট ফর্ম/ সংস্থার মাধ্যমে অডিট করাতে হবে এবং অডিট রিপোর্টে অন্যান্য উৎস থেকে প্রাপ্ত সরকারি অনুদানের হিসাব লিপিবদ্ধ করতে হবে; এবং
- বিগত সময়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় থেকে কোন অনুদান পাওয়া গেলে, অনুদানের ব্যয় বিবরণী দাখিল করতে হবে।

৪। **প্রাপ্ত অনুদানের অর্থ ব্যবহারের শর্তাবলি:**

- অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের কোন প্রকার ভৌত অবকাঠামো নির্মাণ কিংবা কোন প্রকার যন্ত্রপাতি ক্রয় করা যাবে না;
- অনুদানের অর্থ দ্বারা কোন অবস্থাতেই সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি/সম্মানী প্রদান বা অফিস পরিচালনার জন্য ব্যয় নির্বাহ করা যাবে না;
- প্রাপ্ত অনুদান দ্বারা সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী/প্রকাশনা জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে হতে হবে;
- অনুদানের অর্থ নির্দিষ্ট অর্থ বছরের মধ্যে যথাযথভাবে ব্যবহারে অসমর্থ হলে মঞ্জুরকৃত সম্পূর্ণ অর্থ অথবা আংশিক অব্যয়িত অর্থ ট্রেজারি চালানের মাধ্যমে রাষ্ট্রীয় তফসিলি ব্যাংকে জমা প্রদান করে টাকা জমা প্রদানের চালানের রশিদ (ট্রেজারি রশিদের সনদপত্র-CTRসহ) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

৫। ফেলোশিপ নীতিমালা, অন-লাইনে আবেদনপত্রের ফরম এবং আবেদনের সঙ্গে প্রয়োজনীয় তথ্যাদি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে ([www.most.gov.bd](http://www.most.gov.bd))-এর ([fellowship.most.gov.bd](http://fellowship.most.gov.bd))লিংকে পাওয়া যাবে।

৬। যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্র (সংযুক্ত কাগজপত্রসহ) আগামী ৩১ আগস্ট, ২০১৮ তারিখের মধ্যে অন-লাইনে প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গৃহণ করা হবে না। অসম্পূর্ণ/ নীতিমালার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র অযোগ্য হিসেবে বিবেচিত হবে। [শেষ তারিখের জন্য অপেক্ষা না করে হাতে সময় নিয়ে সতর্কতার সঙ্গে নিজে অন-লাইনে যথাযথভাবে আবেদনপত্র পূরণ করে জমাদান সম্পন্ন করুন।

৭। আবেদনের সাথে প্রয়োজনীয় তথ্যাদি ও কাগজপত্র সংযুক্ত করা না হলে আবেদনটি বাতিল বলে গণ্য হবে। প্রাপ্ত কাগজপত্র (ডকুমেন্টস) পরীক্ষা-নিরীক্ষাপূর্বক স্বচ্ছতা ও নিরপেক্ষতার মাধ্যমে অনুদান প্রদান করা হবে। যেকোন রকম অনুরোধ/ব্যক্তিগত যোগাযোগ অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

৮। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করে।

(একেশুম তারেক)

উপসচিব

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০  
ফোন: ৯৫৫৯৯৩১  
E-mail: section12@ most.gov.bd